



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর: ১৩৩

রাজশাহীতে বিপিএটিসি'র বুনিয়াদি প্রশিক্ষণে শিক্ষানবিস কর্মকর্তাদের প্রশিক্ষণ চাহিদা বিষয়ক কর্মশালা

রাজশাহী: ১৩ পৌষ (২৮ ডিসেম্বর):

বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি) এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের যৌথ উদ্যোগে আজ বুধবার (২৮ ডিসেম্বর) সকালে রাজশাহী বিভাগীয় কমিশনার কার্যালয়ের সম্মেলন কক্ষে বিপিএটিসি'র বুনিয়াদি প্রশিক্ষণে শিক্ষানবিস কর্মকর্তাদের প্রশিক্ষণ চাহিদা নিরূপণ বিষয়ক এক কর্মশালা অনুষ্ঠিত হয়।

বিভাগীয় কমিশনার জি এস এম জাফরউল্লাহ, এনডিসি এ কর্মশালায় সভাপতিত্ব করেন। কর্মশালায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন বিপিএটিসির পরিচালক মোঃ আতিকুজ্জামান।

রাজশাহীতে কর্মরত বিভিন্ন ক্যাডারের নিয়ন্ত্রণকারী কর্মকর্তারা কর্মশালায় অংশ গ্রহণ করে নিজ নিজ ক্যাডারের শিক্ষানবিস কর্মকর্তাদের প্রশিক্ষণ চাহিদা নিরূপণ বিষয়ক মতামত প্রদান করেন।

.....
তৌহিদ/আতিক/রুলুল/২০২২/১৫.১৫ঘ.